

## ডিএপি সার আমদানির ক্ষেত্রে রাষ্ট্রীয় পর্যায়ে বিএডিসি এবং Ma'aden এর মধ্যে চুক্তি সম্পাদিত হলো

নন-ইউরিয়া সারের নিরাপদ মজুদ গড়ে তুলে কৃষকদের নিকট যথাসময়ে সার সরবরাহের লক্ষ্যে রাষ্ট্রীয় চুক্তি সম্পাদনের মাধ্যমে বিভিন্ন দেশ হতে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) নন-ইউরিয়া সার আমদানি করে থাকে। এর ধারাবাহিকতায় ২০২৫ এবং ২০২৬ বছরের জন্য প্রতি বছরে ৬.০০ লক্ষ মে.টন করে সর্বমোট ১২.০০ লক্ষ মে.টন ডাই অ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সার আমদানির লক্ষ্যে বিএডিসি এবং সৌদি অ্যারাবিয়ান কোম্পানি Ma'aden এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়। গত ১৫ ডিসেম্বর সৌদি আরবের রাজধানী রিয়াদে এ চুক্তি স্বাক্ষরিত হয়। বিএডিসি চেয়ারম্যান (গ্রেড-১) জনাব মোঃ রুহুল আমিন খান এবং Ma'aden গ্রুপের প্রতিনিধি এ চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি সম্পাদনকালে কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ানসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সম্পাদিত চুক্তি অনুযায়ী যথাসময়ে ডিএপি সার প্রাপ্তির লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বিএডিসি'র মাধ্যমে সকল ধরনের পদক্ষেপ গ্রহণ করা হবে। এতে করে দেশে ডিএপি সারের কোন সংকট হবে না। কৃষকদের নিকট যথাসময়ে ডিএপি সার সরবরাহের বিষয়টি নিশ্চিত করা সম্ভবপর হবে। উল্লেখ্য এ চুক্তি সম্পাদনের পূর্বে নেগোসিয়েশনের মাধ্যমে বিগত বছরের তুলনায় বর্তমানে সম্পাদিত চুক্তির আওতায় সরকারের রাজস্ব খাতে ২৯ কোটি টাকা সাশ্রয় হবে।

